

## কৃষি ভার্টিসি ক্যাম্পাসে এখনও স্বাভাবিক অবস্থা ফিরে আসেনি

ময়মনসিংহ, ১৮ জানুয়ারি, নিরুৎসাহ সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এখনও স্বাভাবিক অবস্থা ফিরে আসেনি। বিশ্ববিদ্যালয়ের আশপাশের ৩টি গ্রামসহ ময়মনসিংহ শহরেও বিরাজ করছে এক গুমোট ভাব। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীরা 'দমন-নিপীড়নের' আশঙ্কায় এক ধরনের মানসিক চাপে ভুগছেন। নামকরণ নিয়ে কৃষি বিশ্ববিদ্যালয়ে ভাংচুর তাওব ঘটনায় প্রায় ৪ হাজার ছাত্রের বিরুদ্ধে পুলিশের দায়ের করা একটি মামলা ও সরকারের একটি হুঁশিয়ারিকে কেন্দ্র করে এখন চলছে এই অচলাবস্থা।

নামকরণকে কেন্দ্র করে কৃষি বিশ্ববিদ্যালয়ের বিক্ষুব্ধ ছাত্রছাত্রী ও শিক্ষক-

### চার হাজার ছাত্রের বিরুদ্ধে মামলা

কর্মচারীসহ স্থানীয় এলাকাবাসীর ক্যাম্পাসে ভাংচুর তাওবপরবর্তী সরকারের ঘোষণায় ক্যাম্পাস পরিস্থিতি দৃশ্যত শান্ত হয়ে আসে। কোতোয়ালি পুলিশ এই ঘটনায় গত ১৬ জানুয়ারি বুধবার অজ্ঞাত পরিচয় প্রায় ৪ হাজার ছাত্রের বিরুদ্ধে একটি মামলা দায়ের করে এবং ঐ রাতেই বহিরাগত ৯ জনকে গ্রেফতার করে পরদিন আদালতে পাঠায়। আদালত তাদের জেলহাজতে পাঠিয়ে দেয়।

কোতোয়ালি পুলিশ জানিয়েছে, কৃষি বিশ্ববিদ্যালয় ঘটনায় জড়িত অভিযুক্ত যে ৯ জনকে গ্রেফতার করা হয়েছে তারা হচ্ছে- ১. মাইমুদ (২৫), পিতা লুৎফর রহমান, ৭৪ সেনবাড়ি রোড, ময়মনসিংহ, ২. তুফা মিয়া (২১), পুরনো গোদারাঘাট, ময়মনসিংহ, ৩. আজিম (২২), পিতা বাছির উদ্দিন,

মধ্যবাড্ডা, ঢাকা, ৪. ইউনুস (২৪), পিতা মোসলেম উদ্দিন, ত্রিশাল, ময়মনসিংহ, ৫. নরেন (২০), পিতা সৌরভ সরকার, মালগুদাম, ময়মনসিংহ, ৬. আকরামুল ইসলাম (২৫), পিতা আবদুল মোতালেব, ত্রিশাল, ময়মনসিংহ, ৭. দেলোয়ার হোসেন (২৩), পিতা হাশেম, দেওপাড়া, কালীগঞ্জ, গাজীপুর, ৮. শওকত আলম সোহাগ (২৫), পিতা আবদুল মজিদ, বলাসপুর, ময়মনসিংহ, ও ৯. মনির হোসেন (২৪), পিতা জামাল উদ্দিন, ডাটিকাসর, ময়মনসিংহ। পুলিশ বলেছে, এরা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র নয়।

এদিকে কোতোয়ালি পুলিশের এই মামলা দায়ের করাকে

কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়

ক্যাম্পাস ও সংলগ্ন দীয়ারকান্দা, সুতিয়াখালী, বয়রা-এই ৩টি গ্রামের লোকজনসহ ময়মনসিংহ শহরে এখন গ্রেফতার আতঙ্ক বিরাজ করছে। ময়মনসিংহ জেলা নাগরিক আন্দোলন ও সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ বৃহস্পতিবার স্বাক্ষর ময়মনসিংহ প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে পুলিশের এই 'অভি উৎসাহী' ভূমিকায় উদ্বেগ প্রকাশ করে ঘটনার তদন্তে বিচার বিভাগীয় কমিশন গঠনের দাবি করেছেন। অপরদিকে সরকারের হুঁশিয়ারির কারণে আওয়ামীপন্থী শিক্ষক ও কর্মচারীদের মধ্যেও বিরাজ করছে উদ্বেগ-আতঙ্ক ভাব। ক্যাম্পাসে ভাংচুর তাওবের ঘটনায় ক্ষয়ক্ষতি নিরূপণে গঠিত ৯ সদস্যের কমিটি কাজ শেষ করেছে। আগামীকাল শনিবার তারা রিপোর্ট পেশ করবে বলে কমিটি সূত্র জানিয়েছে।